



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”


স্মারক নং- দুদক/প্রতিরোধ/গণশুনানি/১৫/১৪(অংশ-৫)/১৬৬৯০(২৮)

তারিখ: ২১/০৫/২০১৮ খ্রি.

বিষয়: আগামী ০৬ জুন, ২০১৮ বুধবার ইস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) এর মুক্তিযোদ্ধা অডিটরিয়ামে সাব-রেজিস্ট্রি অফিস, কোতয়ালী, গুলশান ও তেজগাঁও এর সেবা কার্যক্রমের উপর ফলোআপ গণশুনানি অনুষ্ঠান আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলা এবং দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা দুর্নীতি দমন কমিশনের অন্যতম একটি দায়িত্ব। এরই ধারাবাহিকতায় সাব-রেজিস্ট্রি অফিস, কোতয়ালী, গুলশান, তেজগাঁও এর কার্যক্রমের উপর সেবা সম্পর্কিত বিষয়ে গত ০৯ ডিসেম্বর, ২০১৫ ওসমানীস্মৃতি মিলনায়তনে গণশুনানির আয়োজন করা হয়েছিল। উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রাপ্ত অভিযোগসমূহের উপর আগামী ০৬ জুন, ২০১৮ বুধবার (বেলা ১০.০০-১৪.০০ ঘটিকা) পর্যন্ত সাব-রেজিস্ট্রি অফিস, কোতয়ালী, গুলশান এবং তেজগাঁও এর পরিসেবা কার্যক্রমের উপরে ইস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) এর মুক্তিযোদ্ধা মিলনায়তনে বিশ্বব্যাপকের আর্থিক সহায়তায় কমিশন কর্তৃক ফলোআপ গণশুনানির আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত ফলোআপ গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ড. নাসিরউদ্দীন আহমেদ, মাননীয় কমিশনার (অনুসন্ধান), দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকবেন।

০২। এমতাবস্থায়, আগামী ০৬ জুন, ২০১৮ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় সাব-রেজিস্ট্রি অফিস, কোতয়ালী, গুলশান এবং তেজগাঁও এর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ সক্রিয় অংশগ্রহণ এবং সেবা গ্রহীতাদের মাঝে ফলোআপ গণশুনানির বিষয়ে বহুল প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মনিরুজ্জামান)
পরিচালক

(প্রতিরোধ ও গণসচেতনতা)
ফোন: ৯৩৬২৪৩৭

ইস্পেক্টর জেনারেল অব রেজিস্ট্রেশন (আইজিআর)
নিবন্ধন অধিদপ্তর
আব্দুলগণি রোড, ঢাকা।

অনুলিপি কার্যার্থে:

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
২. সভাপতি, মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটি, ঢাকা।
৩. উপ প্রকল্প সমন্বয়ক, এসআইআরএমপিআরঃ ভিআইডি (ভ্যাট অনলাইন প্রজেক্ট), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিশ্ব ব্যাংক অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. সাব-রেজিস্ট্রার, কোতয়ালী, ঢাকা।
৫. সাব-রেজিস্ট্রার, গুলশান, ঢাকা।
৬. সাব-রেজিস্ট্রার, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট (আইটিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (গণমাধ্যমকে অবহিতকরণের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৫. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৬. কমিশনার অনুসন্ধান/তদন্ত - এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।